# ট্রানজিশন: স্কুল জীবনের জন্য একটি ইতিবাচক সূচনা

### পরিবারগুলিকে, ট্রানজিশন লার্নিং অ্যান্ড ডেভেলপমেন্ট স্টেটমেন্ট -টি পূরণ করতে সাহায্য করার জন্য নির্দেশিকা

## স্কুল জীবনের জন্য একটি ইতিবাচক সূচনা, কেন গুরুত্বপূর্ণ ?

স্কুল জীবনের জন্য একটি ইতিবাচক সূচনার মাধ্যমে আপনার সন্তান কিন্ডারগার্টেন থেকে স্কুলে উত্তীর্ন হতে আর তাদের ভবিষ্যত জীবনের শিক্ষা অর্জনের সময় আরও ভালভাবে বিদ্যা অর্জন এবং আনন্দিত বোধ করতে সাহায্য করতে পারে। একটি ইতিবাচক সূচনা করা হলে এটি আপনার সন্তানের শিক্ষা ও বিকাশের ধারাবাহিকতা বজায় রাখতে সহায়ক হবে, আপনার সন্তানের পূর্বের এবং বর্তমান অভিজ্ঞতার উপর ভিত্তি করে তাদের নিরাপদ, আত্মবিশ্বাসী এবং সংযুক্ত আছে, এরকম বোধ করতে সহায়তা করে থাকে। একটি ইতিবাচক সূচনা করা হলে এটি  তাদেরকে আরও স্থিতিশীল হতে সাহায্য করতে পারে।

## ট্রানজিশন লার্নিং অ্যান্ড ডেভেলপমেন্ট স্টেটমেন্ট কী?

শৈশবের প্রারম্ভিক কালের  সেবাসমুহ, স্কুল, আউটসাইড স্কুল আওয়ারস কেয়ার (OSHC) সেবাসমুহ এবং পরিবারগুলি,  শিশুদের শেখার এবং সুস্থতাকে বজায় রাখার জন্য একসাথে কাজ করে থাকে। তারা, ট্রানজিশন লার্নিং অ্যান্ড ডেভেলপমেন্ট স্টেটমেন্ট (TLDS) ব্যবহার করার মাধ্যমে তথ্য আদানপ্রদান করে থাকে। যখন তারা স্কুলে যায়, তখন,  শৈশবের প্রারম্ভিক কালের সেবাদানকারী সংস্থা এটি প্রতিটি শিশুর জন্য তৈরী করে থাকে।

TLDS, শৈশবের প্রারম্ভিক কালের সেবাদানকারী সংস্থাগুলো এবং স্কুলগুলোর মধ্যে,  আপনার সন্তানের শিক্ষা, বিকাশ এবং সুস্থতা সম্পর্কিত তথ্যগুলো আদান প্রদানে সহায়তা করে থাকে। TLDS আপনার সন্তানের আগ্রহ, দক্ষতা এবং ক্ষমতার একটি সারসংক্ষেপ প্রদান করে এবং আপনার সন্তানকে সাহায্য করার লক্ষ্যে পৃথক পন্থা এবং শিক্ষার কৌশলগুলি সনাক্ত করে থাকে ।

তারা যখন স্কুল শুরু করবে তখন TLDS আপনাকে, আপনার সন্তানের শিক্ষার বিষয়গুলোকে বুঝতে এবং তাকে সাহযোগিতা প্রদানের ব্যপারে সাহায্য করতে পারে । TLDS-এর তথ্যাদি ফাউন্ডেশনে শিক্ষাদানকারী শিক্ষকদেরকে, আপনার সন্তানকে চেনা ও জানার ক্ষেত্রে এবং তাকে উপযুক্ত শিক্ষাদান কর্মসূচির পরিকল্পনা করতে সাহায্য করে। আপনার সন্তান যদি OSHC-তে থাকে, TLDS সেইক্ষত্রেও আপনার সন্তানের জন্য পরিকল্পনা করতে সাহায্য করে।

TLDS-এ আপনার সন্তানের নাম, জন্মদিন এবং ছবির পাশাপাশি আপনার নাম এবং যোগাযোগের তথ্য সহ কিছু ব্যক্তিগত তথ্যাদির উল্লেখ থাকে। এতে আপনার সন্তানকে, শৈশবের প্রারম্ভিক কালের সেবাদানকারী পেশাদারদের নাম এবং যোগাযোগের বিস্তারিত তথ্যও সম্বলিত থাকতে পারে।

আপনার সন্তানের TLDS-এ আপনার মতামত দেবার অর্থই হলো, স্কুলের ক্রিয়াকলাপগুলির মধ্যে একটি পরিবর্তন যা আপনি এবং আপনার সন্তান স্কুল শুরু হওয়ার আগে একসাথে অংশগ্রহণ করতে পারেন।

## আমি কিভাবে আমার সন্তানের TLDS অ্যাক্সেস করব?

আপনার সন্তানের শৈশবের প্রারম্ভিক কালের সেবাদানকারী সংস্থা আপনাকে অনলাইন TLDS টুলের একটি লিঙ্ক দেবে। TLDS পূরণ করার সর্বোত্তম উপায় হলো, দ্যা অনলাইন টিএলডিএস (The Online TLDS)

আপনি যদি অনলাইন টুল ব্যবহার করতে না পারেন, তাহলে আপনি এর পরিবর্তে একটি কাগজের অনুলিপি চেয়ে নিতে পারবেন।

## আমি TLDS এর কোন অংশটি পূরণ করব?

*আপনার সন্তানের শৈশবের প্রারম্ভিক কালের শিক্ষক, 1*এবং *1.1* এই দুইটি অংশ পূরণ করেছেন।

*সময়মত আপনার শিশুর বিকাশ না ঘটে থাকলে অথবা আপনার শিশুর যদি কোন ধরনের অক্ষমতা থেকে থাকলে, সেকশন 1.2* আপনার সন্তানের শৈশবের প্রারম্ভিক কালের শিক্ষক দ্বারা এটি সম্পন্ন করা যেতে পারে। আপনার সন্তানকে সাহায্যকারী অন্যান্য পেশাদাররাও এই অংশে তাদের মতামত যোগ করতে পারে।

*সেকশন ২: শিশু* একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি যার সাথে আপনার সন্তানের ভালো চেনাজানা আছে, তারা দুজনে মিলে এই অংশ পূরণ করবে। এটি আপনি বা তাদের শৈশবেকালের শিক্ষক হতে পারেন।

*সেকশন ৩: পরিবার* আপনার পূরণ করার জন্য। আপনার মতামত গুরুত্বপূর্ণ। এই অংশে আপনার সন্তানের আগ্রহের সাথে সাথে স্কুলে আপনার সন্তানের জন্য আপনার চিন্তা ও আকাংখা শেয়ার করতে সহায়ক হবে এরকম প্রশ্ন আছে। এই প্রশ্নগুলোর উত্তর শিক্ষক এবং OSHC কর্মীদেরকে, (যদি প্রযোজ্য হয়) আপনার সন্তানের প্রয়োজন মেটাতে এবং তাকে বুঝতে সাহায্য করতে পারে, যা তাদের শেখার এবং বিকাশে সহায়তা করবে।

## TLDS সম্পন্ন হওয়ার পর কি হবে?

TLDS সম্পূর্ণ করার পরে, আপনার সন্তানের শৈশবের প্রারম্ভিক কালের শিক্ষক আপনাকে এটির একটি অনুলিপি দেবেন।

আপনার সন্তানের শৈশবের প্রারম্ভিক কালের  শিক্ষক আপনার সন্তানের স্কুল এবং OSHC পরিষেবা (যদি প্রযোজ্য হয়)-এর  সাথে সম্পূর্ণ TLDS শেয়ার করবেন।

আপনি যদি, আপনার সন্তান কোন স্কুলে যাবে সে ব্যাপারে নিশ্চিত না হন, আপনার সন্তানের শৈশবের প্রারম্ভিক কালের  শিক্ষক আপনাকে TLDS-এর আরেকটি নকল প্রদান করবেন। আপনি যখন আপনার সন্তানকে ভর্তি করাবেন তখন আপনি এটি স্কুলে দিতে পারেন।

আপনি যদি *সেকশন ৩: পরিবার* পূরণ না করে থাকেন, তারপরেও আপনার সন্তানের  শৈশবের শিক্ষক অন্যান্য সম্পূর্ণ করা সেকশন সমেত এটিকে স্কুল এবং OSHC পরিষেবার সাথে শেয়ার করবেন (যদি প্রযোজ্য হয়) এবং যা যা শেয়ার করা হয়েছে তার একটি নকল আপনাকে দিবেন।

স্কুলে চালানো গবেষণা এবং প্রাপ্ত মতামত এটি ইঙ্গিত করে যে এই সব তথ্য শেয়ার করা হোলে স্কুলে ট্রানজিশন সফল হয়। আপনি যদি আপনার সন্তানের স্কুলের সাথে TLDS শেয়ার না করতে চান, তাহলে অনুগ্রহ করে আপনার সন্তানের প্রাথমিক শৈশব শিক্ষকের সাথে এটি নিয়ে আলোচনা করুন।

উপযুক্ত এবং নিরাপদ তথ্য ভিক্টোরিয়ার শিক্ষাক্ষেত্রকে এবং যত্ন দানকারী পেশাদারীদেরকে শিশুর সুস্থতা এবং নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় জ্ঞান এবং তথ্য পেতে সাহায্য করে।

আরও তথ্যের জন্য, https://www.vic.gov.au/information-sharing-schemes-and-the-maram-framework দেখুন

## আরও তথ্যের জন্য

আরও জানতে হলে, আপনি www.vic.gov.au/transition-school-resources-families -এ দেখতে পারেন

এই তথ্যটি একই লিঙ্কে বিভিন্ন  জাতি ও গোষ্ঠির ভাষায় পেতে পারেন:www.vic.gov.au/transition-school-resources-families